



উপজেলা পরিক্রমা

দিরাই

সুনামগঞ্জ, ১৯ এপ্রিল (সংবাদদাতা)। দিরাই সুনামগঞ্জ জেলার একটি সাইনবোর্ড সর্বস্ব আদর্শ উপজেলা। এ উপজেলার যে দিকেই নজর যায়, সেখানেই বিরাজ করছে সমস্যা। এ সমস্যা প্রকট থেকে প্রকটতর হচ্ছে দিন দিন। উপজেলার আয়তন ১শ' ৬১ বর্গমাইল। ইউনিয়ন সংখ্যা ৯টি। গ্রাম রয়েছে ২শ' ৩৭টি। এখানে প্রায় ১ লাখ ৫০ হাজার লোকের বাস। এর মধ্যে পুরুষ ৭৮ হাজার ৬শ' ৩ জন এবং মহিলা ৭৪ হাজার ৭শ' ২২ জন। লোক সংখ্যার শতকরা ৯৫ ভাগ প্রত্যক্ষ ও প্ররোক্ষভাবে কৃষির সাথে সম্পৃক্ত।

কৃষি
কৃষি দিরাইবাসীর জীবিকার অন্যতম অবলম্বন। আধুনিক চাষাবাদকে কাজে লাগিয়ে দেশের অনেকে উপজেলা এক্ষেত্রে উন্নয়নযোগ্য, সফলতা অর্জন করেছে। কিন্তু দিরাইবাসীর কপালে তা জুটেনি। ফলে উৎপাদনের গড় হার কয়েক যুগ পূর্বে যে তিমিরে ছিলো আজও সে তিমিরেই রয়েছে। বরঞ্চ কোন কোন ক্ষেত্রে এর নিম্নমুখী প্রবণতা লক্ষণীয়।

উপজেলার মোট চাষযোগ্য জমির পরিমাণ ৭৮ হাজার ৫শ' ৪০ একর। এর মধ্যে ৯ হাজার ৫শ' একর এখনও আবাদের বাইরে পড়ে আছে।

দিরাই মূলতঃ এক ফসলী এলাকা। এখানে এক ফসলী জমির পরিমাণ হচ্ছে— ৬৩ হাজার ৫শ' ৪৬ একর। দুই ফসলী জমির পরিমাণ ৫ হাজার একর।

কোন তিন ফসলী জমি নেই এখানে। বন্যা, খরা, শিলাবৃষ্টিসহ প্রাকৃতিক দুর্যোগে প্রতি বছর কোটি কোটি টাকার ফসল বিনষ্ট হয়ে থাকে।

শিক্ষা
উপজেলায় ১টি মহাবিদ্যালয়, ১০টি উচ্চ বিদ্যালয়, ৪টি নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং ১শ' ২টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে বালিকা বিদ্যালয় ১টি এবং বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৮টি। এ উপজেলার সবগুলো শিক্ষা প্রতিষ্ঠানই সমস্যার সাগরে হাবুডুবু খাচ্ছে।

স্বাস্থ্য
দিরাই উপজেলায় স্বাস্থ্য প্রকল্প ১টি, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র ২টি ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ৩টি। উল্লেখিত সবগুলো কেন্দ্রই ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মচারী সংকটে ভুগছে।

যোগাযোগ
সুদূর অতীতে জেলা সদর সুনামগঞ্জের উন্নত যোগাযোগ থাকলেও কালের আবর্তে তা নেই। বৃটিশ আমলে সুনামগঞ্জ-দিরাইর মধ্যে বাস চলতো। পাকিস্তান আমলে বন্ধ হয়ে যায়। দীর্ঘ কয়েক যুগে কর্তৃপক্ষ দিরাই-সুনামগঞ্জ সড়ক অবশ্য গড়ে তুলেছেন। কিন্তু মাত্র ২টি সেতুর অভাবে রাস্তাটি কাজে লাগানো যাচ্ছে না। উপজেলার কেন্দ্রস্থলের সব রাস্তাঘাটের স্থানে স্থানে গর্তের সৃষ্টি হয়ে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে।